

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৩১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম তার বিশুদ্ধতা প্রমাণে দিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

1531 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِبُسْتَ حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ الْعَدَنِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ: عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: اعتم رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ بِالْعَشَاءِ فَجَاءً عُمَرُ بْنُ الْخَطَّابِ فَقَالَ: يَا رَسُولُ اللَّهِ الصَّلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ بِالْعَشَاءِ فَجَاءً عُمَرُ بْنُ الْخَطَّابِ فَقَالَ: يَا رَسُولُ اللَّهِ الصَّلَاةَ فَقَدْ رَقَدَ النِّسَاءُ وَالْولْدَانُ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْولْدَانُ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَأُسُهُ يَقُطُرُ مَاءً وَهُو يَقُولُ: (لَوْلَا أَنْ أَشُوقَ عَلَى الْمُؤْمِنِينَ لَأَمَرْتُهُمْ أَنْ يصلوا هذه الصلاة)

الراوي: ابن عباس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1531 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১৫৩১. আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেছেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইশার সালাত আদায় করতে বিলম্ব করেন, অতঃপর উমার রাদিয়াল্লাহু আনহু বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নারী ও শিশুরা ঘুমিয়ে পড়েছে!" তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হুজরা থেকে বের হয়ে আসেন, এমন অবস্থায় যে, তাঁর মাথা থেকে ফোটায় ফোটায় পানি পড়ছিল, আর তিনি বলছিলেন, "যদি মু'মিনদের উপর কঠিন মনে না করতাম তবে আমি (এভাবে দেরিতে ইশার) সালাত আদায় করার নির্দেশ প্রদান করতাম।"[1]

ফুটনোট

[1] মুসানাফ আব্দুর রাযযাক: ২১১২; সহীহ বুখারী: ৫৭১; সহীহ মুসলিম: ৬৪২; তাবারানী আল কাবীর: ১১৪২৪;



বাইহাকী: ১/৪৪৯; হুমাইদী: ৪৯২; নাসাঈ: ১/২৬৬; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৪২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান নাসাঈ: ৫১৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন